



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945

Webmail: dcc1989@dcc.edu.bd, Website: www.dcc.edu.bd,

স্মারক নং- ঢাকক:

তারিখ: ১৪.০৬.২০২০

উচ্চমাধ্যমিক শ্রেণির অনলাইন ক্লাস সেকশন চেয়ারম্যানের দায়িত্ব

(১৩ জুন ২০২০ তারিখের একাডেমিক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী)

- উচ্চমাধ্যমিক শ্রেণির অনলাইন ক্লাসের সেকশন-সংশ্লিষ্ট চেয়ারম্যান একাদশ শ্রেণির নির্ধারিত ১/২টি সেকশনের যাবতীয় দায়িত্ব পালন করবেন। (যা পূর্বে নিয়মিত ক্লাসের শিক্ষার্থী উপদেষ্টা করতেন।)
- ১৫ জুন ২০২০ এর মধ্যে চেয়ারম্যান তার সেকশনের এক বা একাধিক বিষয়ের ক্লাসে প্রবেশ করে পরিচিত হবেন এবং শিক্ষার্থীদের উদ্দেশ্যে কলেজের অনলাইন ক্লাস নির্দেশনা প্রদান করবেন।
- তিনি সেকশনের সকল শিক্ষার্থীর আইডি নাম ও রোল নম্বর নিশ্চিত করবেন।
- তিনি তার সেকশনের ফেইসবুক প্রাইভেট গ্রুপের এডমিন হবেন।
- তিনি সেকশনের ২ জন শিক্ষার্থীকে এডমিন/ক্যাপ্টেন নিয়োগ দিবেন।
- তিনি ক্লাশের বাহিরে মোবাইলে প্রত্যহ ক্যাপ্টেন থেকে ক্লাসের তথ্য জানবেন।
- ক্লাশের শৃঙ্খলা বিধানে তিনি প্রয়োজনীয় নির্দেশনা দিবেন এবং ব্যবস্থা গ্রহণ করবেন।
- বিশৃঙ্খলাকারী শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে বা বহিরাগত শনাক্তকরণে তিনি অন্যান্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করবেন এবং যথাযথ ব্যবস্থা নিবেন।
- চেয়ারম্যান বিভাগীয় শিক্ষকদের প্রাইভেট ফেইসবুক গ্রুপ বা ম্যাসেঞ্জার গ্রুপ পরিচালনা করবেন এবং এর মাধ্যমে কলেজের প্রয়োজনীয় বিজ্ঞপ্তি ও নির্দেশনা বিভাগীয় শিক্ষকদের অবহিত করবেন।
- তিনি বিভাগীয় শিক্ষকদের সাপ্তাহিক অনলাইন মিটিং পরিচালনা করবেন।
- বিভাগের সকল শ্রেণির (অনার্স ও একাদশ) শিক্ষার্থী উপস্থিতির বিবরণ তিনি প্রত্যহ বিভাগীয় শিক্ষক গ্রুপে পোস্ট দিবেন।
- তিনি প্রয়োজনে দীর্ঘ অনুপস্থিত বা বিশৃঙ্খলাকারী শিক্ষার্থী সম্পর্কে মোবাইলে অভিভাবককে জানাবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- অধ্যক্ষের অনুমতিসাপেক্ষে চেয়ারম্যান যথাশীঘ্র সেকশনভিত্তিক (বা বিভাগের বর্ষভিত্তিক) অনলাইন অভিভাবক সভা করবেন।
- তিনি সেকশন গ্রুপে প্রয়োজনীয় নির্দেশনা ও বিজ্ঞপ্তি পোস্ট করবেন।
- তিনি সেকশনের শিক্ষকবৃন্দকে গ্রুপে অন্তর্ভুক্ত করবেন। তিনি শ্রেণি শিক্ষকবৃন্দকে গ্রুপে কেবল তাদের বিষয়ের পাঠ বা আইডি-পাসওয়ার্ড পোস্ট করার অনুমতি দিবেন।
- গ্রুপে কোনো সাধারণ শিক্ষার্থী যেনো কোনো পোস্ট দিতে না পারে তিনি তা নিশ্চিত করবেন।
- তিনি শিক্ষার্থীদেরকে ক্লাসে অংশগ্রহণ, লেখাপড়া ও স্বাস্থ্য সচেতনতা বিষয়ে পরামর্শ দিবেন এবং উদ্বুদ্ধ করবেন।
- সেকশনের কোনো ক্লাস না হলে উক্ত দিবসেই মেক-আপ ক্লাস হচ্ছে কি-না তিনি তা নিশ্চিত করবেন এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষকে জানাবেন।
- চেয়ারম্যান অনলাইন ক্লাসের জন্য ক্লাস সংখ্যা ও পাঠ পরিকল্পনা করবেন এবং বিষয়ের সকল শিক্ষক অবশ্যই পাঠ পরিকল্পনা অনুযায়ী একই গতিতে পড়াচ্ছেন কি-না তা নিশ্চিত করবেন।
- চেয়ারম্যান সপ্তাহে ১/২ দিন বিভাগ ও সেকশনভিত্তিক শিক্ষার্থীদের উপস্থিতি বিবরণ কলেজ টিচার্স ফেইসবুক গ্রুপে জানাবেন। যেদিনের উপস্থিতি বিবরণ গ্রুপে প্রকাশ করতে হবে তা পূর্বের দিন অধ্যক্ষের দপ্তর থেকে গ্রুপে জানিয়ে দেয়া হবে।

14.06.2020

অধ্যক্ষ (স্ব-স্বাক্ষর)

ঢাকা কমার্স কলেজ